দৈনিক জনকণ্ঠ

NOV. 19 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ......

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অক্টোবরের বেতনের সরকারী অংশ ২৫ নবেম্বরের মধ্যে তোলা যাবে

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান, কারিগরি এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক ও কর্মচারীদের অক্টোবর মাসের বেতন-ভাতার সরকারী অংশের টাকা আগামী ২৫ নবেম্বরের মধ্যে উত্তোলনের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। শিক্ষক ও কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে এ টাকা উত্তোলন করা যাবে। খবর তথ্য বিবরণীর।

যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী ২০০১-২০০২ অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তাঁরাও ব্যক্তিগত ব্যাংক এ্যাকাউন্টের মাধ্যমে এ সময়ের টাকা এইসাথে উত্তোলন করতে পারবেন।